B

দৈনিক বাংলা

তারিখ ২২/৭/৭৮
পৃষ্ঠা 7 কলাম ২

022

# শিক্ষামন্ত্রী সকাশে বৌদ্ধ প্রতিনিধি দল

চট্টগ্রামস্থ বাংলাদেশ বৌদ্ধ যুব পরিষদের সভাপতি মিঃ পুণ্যবর্ধন বড়ুয়ার নেতৃত্বে একটি বৌদ্ধ প্রতিনিধিদল সম্প্রতি শিক্ষামন্ত্রী জনাব কাজী জাফর আহমদের সাথে চট্টগ্রাম সার্কিট হাউসে সাক্ষাত করেন। তারা বৌদ্ধ ধর্মাবলম্বী শিক্ষার্থিদের জন্য সংস্কৃতের পরিবর্তে পালিভাষা শিক্ষাদানের দাবী জানান। আগামীতে চট্টগ্রামে অনুষ্ঠিতব্য শিক্ষা ওয়ার্কশপে বৌদ্ধ প্রতিনিধি গ্রহণের সুপারিশ করেন। মাননীয় মন্ত্রী প্রতিনিধিদলের বক্তব্য ধৈর্য সহকারে শোনেন এবং সম্ভাব্য ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন। খবর প্রেস বিজ্ঞপ্তির।